

## সিটিজেন চার্টার

- ❖ পল্লী সমাজসেবা কার্যক্রম : পল্লী অঞ্চলের জনগনকে সংগঠিত করে উন্নয়নের মূল স্রোত ধারায় আনায়ন। নির্বাচিত গ্রামের স্থায়ী বাসিন্দা যিনি আর্থ সামাজিক জরিপের মাধ্যমে সমাজসেবা অধিদফতরে তালিকা ভুক্ত পল্লী সমাজসেবা কার্যক্রমের কর্মদলের সদস্য/সদস্যা। নির্ধারিত ফরমে যথাযথ পদ্ধতি অনুসরণ করে আবেদনের ১ মাসের মধ্যে আবেদনকারীকে ০৫ থেকে ৩০ হাজার টাকা ঋন প্রদান করা হয়।
- ❖ পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম : পল্লী অঞ্চলের দরিদ্র নারীদের সংগঠিত করে উন্নয়নের মূল স্রোত ধারায় আনায়ন। নির্বাচিত গ্রামের স্থায়ী বাসিন্দা যিনি আর্থ সামাজিক জরিপের মাধ্যমে সমাজসেবা অধিদপ্তরে তালিকা ভুক্ত পল্লী মাতৃকেন্দ্রের সদস্যা। নির্ধারিত ফরমে যথাযথ পদ্ধতি অনুসরণ করে আবেদনের ১ মাসের মধ্যে আবেদনকারীকে ০৩ থেকে ২০ হাজার টাকা ঋন প্রদান করা হয়।
- ❖ এসিড দক্ষ মহিলা ও প্রতিবন্ধীদের পুনর্বাসন কার্যক্রম : এসিড দক্ষ মহিলা ও শারিরিক প্রতিবন্ধী ব্যক্তিকে আবেদনের ১ মাসের মধ্যে ৫ থেকে ২০ হাজার টাকা ঋন প্রদান করা হয়।
- ❖ বয়স্কভাতা : সরকার কর্তৃক সামাজিক নিরাপত্তার জন্য মাসিক ৪০০/- টাকা হারে উপজেলার ৬৫ বছর বা তদুর্ধ্ব হত দরিদ্র মহিলা বা পুরুষদের (নির্বাচিত) মধ্যে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সর্বোচ্চ ৩ মাসের মধ্যে ভাতা প্রদান করা হয়।
- ❖ বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা : সরকার কর্তৃক সামাজিক নিরাপত্তার জন্য মাসিক ৪০০/- টাকা হারে উপজেলার হতদরিদ্র বিধবা ও পরিত্যক্তা মহিলাদের (নির্বাচিত) মধ্যে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সর্বোচ্চ ৩ মাসের মধ্যে ভাতা প্রদান করা হয়।
- ❖ অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা: সরকার কর্তৃক সামাজিক নিরাপত্তার জন্য মাসিক ৫০০/- টাকা হারে উপজেলার ৬ বছরের উর্ধ্ব সকল ধরনের প্রতিবন্ধী ব্যক্তিদের (নির্বাচিত) মধ্যে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সর্বোচ্চ ৩ মাসের মধ্যে ভাতা প্রদান করা হয়।

- ❖ দলিত, হরিজন ও বেদে বিশেষ বয়স্ক ভাতা : সরকার কর্তৃক সামাজিক নিরাপত্তার জন্য মাসিক ৪০০/- টাকা হারে উপজেলার ৫০ বছর বা তদুর্ধ্ব হত দরিদ্র মহিলা বা পুরুষদের (নির্বাচিত) মধ্যে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সর্বোচ্চ ৩ মাসের মধ্যে ভাতা প্রদান করা হয়।
- ❖ প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি : সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ৫ বছর বয়সের উর্ধ্ব প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের মধ্যে উপবৃত্তি প্রদান করা হয়। প্রথমিক স্তর ৩০০/- টাকা হারে, মাধ্যমিক স্তর ৪৫০/-টাকা হারে, উচ্চ মাধ্যমিক স্তর ৬০০/- টাকা হারে এবং উচ্চতর স্তর ১০০০/-টাকা হারে উপবৃত্তি প্রদান করা হয়।
- ❖ দলিত, হরিজন ও বেদে শিক্ষার্থীদের উপবৃত্তি : সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ৫ বছর বয়সের উর্ধ্ব দলিত, হরিজন ও বেদে শিক্ষার্থীদের উপবৃত্তি ছাত্র-ছাত্রীদের মধ্যে উপবৃত্তি প্রদান করা হয়। প্রথমিক স্তর ৩০০/- টাকা হারে, মাধ্যমিক স্তর ৪৫০/-টাকা হারে, উচ্চ মাধ্যমিক স্তর ৬০০/- টাকা হারে এবং উচ্চতর স্তর ১০০০/-টাকা হারে উপবৃত্তি প্রদান করা হয়।
- ❖ মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা : সরকার কর্তৃক নির্ধারিত মাসিক ৫০০০/- টাকা হারে মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী এবং সন্তান যারা জাতীয়ভাবে প্রকাশিত ৪ টি তালিকার কমপক্ষে ২ টি তালিকায় অন্তর্ভুক্ত তাদের কে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সর্বোচ্চ ৬ মাসের মধ্যে সম্মানি ভাতা বিতনের ব্যবস্থা গ্রহণ করা হয়।
- ❖ প্রবেশন ও আফটার কেয়ার কর্মসূচী : উপজেলা টাঙ্কফোর্স কমিটির সহায়তায় কারাগারে বন্দী শিশু কিশোরদের মুক্ত করে কিশোর কিশোরী উন্নয়ন কেন্দ্রে স্থানান্তর করে আইনের সংস্পর্শে এনে পুনর্বাসনের বিষয়ে অপরাধী সংশোধন ও পুনর্বাসন উপজেলা সমাজসেবা কার্যক্রম প্রকল্প বাস্তবায়ন কমিটির অনুমোদন প্রাপ্তির ২০ কর্মদিবসের মধ্যে সহায়তা করা হয়।
- ❖ স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান : স্বেচ্ছাসেবী সমাজকল্যান মূলক সংগঠনের নিবন্ধন ও তত্ত্বাবধানে জেলা সমাজসেবা কার্যালয় ও উপজেলা সমাজসেবা কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকে।
- ❖ রোগী কল্যান সমিতি : রোগী কল্যান সমিতির মাধ্যমে উপজেলার গরীব ও দুঃস্থ রোগীদের মাঝে ওষুধ বিতরণ এবং সু-চিকিৎসার ব্যবস্থা করা।

- ❖ বেসরকারী এতিমখানা : বেসরকারী এতিমখানা কর্তৃপক্ষ ক্যাপিটেশন গ্রান্টের আবেদন প্রাপ্তির ৭ মাসের মধ্যে সমাজসেবা অধিদপ্তর ক্যাপিটেশন বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করে থাকে।
- ❖ অনুদান বন্টন : সমাজকল্যান পরিষদের মাধ্যমে নিবন্ধন প্রাপ্ত সংস্থা সমূহকে আবেদনের প্রেক্ষিতে সাধারণ এবং আয়বর্ধক খাতে অনুদান প্রদান করা হয়।
- ❖ বিবিধ।

উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়  
আগৈলঝাড়া, বরিশাল।